**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**14 DECEMBER 2024** **7:35AM IST**

==========================================================================

লোকসভায় আজ ভারতীয় সংবিধানের ৭৫ তম বছরের গৌরবময় যাত্রাকে নিয়ে আজ পুনরায় এক বিশেষ  আলোচনা অনুষ্ঠিত হবে ।এই আলোচনায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অংশগ্রহণ করার কথা রয়েছে । গতকাল এই আলোচনায় অংশ নিয়ে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেন যে ভারতীয় সংবিধান সামাজিক- অর্থনৈতিক- রাজনৈতিক ও সাংস্কৃতিক জীবনের সব দিককে স্পর্শ করে জাতি গঠনের প্রক্রিয়ার পথ প্রশস্ত করে তুলেছে । তিনি বলেন যে সংবিধান হচ্ছে দেশের সভ্যতা ও মূল্যবোধের প্রতীক ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বলেছেন যে রাজ্যসরকারের ১২ দিনের বিকাশ কার্যসূচীর অধীনে কম করেও ১০ লক্ষ লোক উপকৃত হবেন ।গতকাল যোরহাটে এক অনুষ্ঠানে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী বলেন যে অর্থ ,রাজস্ব ,দূর্যোগ ব্যবস্থাপনা , বিদ্যুৎ , বানিজ্য ইত্যাদি বিভিন্ন

বিভাগ সমুহের মাধ্যমে ভবিষ্যতে রাজ্যের বহুলোক ক্রমশ উপকৃত হবেন ।তিনি বলেন যে সরকার অন্যান্য অর্থনৈতিক প্রকল্পের মাধ্যমে অর্থনৈতিক বৃদ্ধির পরিকল্পনা করছে । তিনি আরও বলেন যে ২০২৬ সালে ১৫ হাজার টাকা করে লাভ করার ব্যবস্থা করা হচ্ছে যাতে মহিলারা আর্থিক প্রতিষ্ঠানগুলো থেকে অধিক ঋণ লাভ করতে পারেন ।বিকাশের ১২ দিন কার্যসূচীর অধীনে শিক্ষা বিভাগ তিনটি বিশেষ গুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ করেছে বলেও তিনি জানান ।

---

রাজ্যের শিক্ষা বিভাগ প্রথমবারের জন্য  গণিত শিক্ষকের পদ সৃষ্টি করার সিদ্ধান্ত গ্রহণ করেছে । শিক্ষামন্ত্রী ড: রণোজ পেগু গতকাল সাংবাদিকদের একথা জানিয়ে বলেন যে রাজ্যের বিদ্যালয়গুলিতে বিজ্ঞান বিষয়ের শিক্ষক নিয়োগ করে তাদেরকেই গণিতের শিক্ষা প্রদানেরও দায়িত্ব দেওয়া হয়ে থাকে ।তবে এবার প্রথমবারের জন্য সরকার ১ হাজার ৭৬০ টি গণিত শিক্ষকের পদ সৃষ্টি করার সিদ্ধান্ত নিয়েছে । প্রতিটি মাধ্যমিক বিদ্যালয়ে একজন করে গণিতের শিক্ষক পৃথকভাবে নিয়োগ করার ব্যবস্থা করা হবে বলে উল্লেখ করে পর্যায়ক্রমে এই পদের  সংখ্যা বৃদ্ধি করা হবে বলে শিক্ষামন্ত্রী জানান ।

---

রাজ্যের ক্রীড়া যুব কল্যান ও লোকনির্মাণ (ভবন) বিভাগের মন্ত্রী নন্দিতা গারলোসা একদিনের সফরে আগামী সোমবার হাইলাকান্দি আসছেন । ঐদিন তিনি হাইলাকান্দিতে নির্মীয়মান আবর্ত ভবনের কাজকর্ম খতিয়ে দেখবেন এরপর তিনি শিলচরে আসবেন ।

---

রাজ্যের খাদ্য , গনবন্টন ও বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই জনসাধণের কল্যাণ তথা সুবিন্যস্ত রেশন কার্ড বিতরণ ব্যবস্থার অগ্রগতি সম্পর্কে গতকাল শিলচরে জেলা আয়ুক্তের সভাকক্ষে একটি উচ্চ পর্যায়ের পর্যালোচনা সভা মিলিত হন। বৈঠকে জেলায় নতুনকরে রেশন কার্ড প্রদানের বিষয় নিয়ে আলোচনা করা হয় ।

মন্ত্রী শ্রী রাই এর পৌরহিত্যে অনুষ্ঠিত বৈঠকে জেলা আয়ুক্ত মৃদুল যাদব , বিধায়ক দীপায়ন চক্রবর্তী , মিহির কান্তি সোম , নিহার রঞ্জন দাস , অতিরিক্ত জেলাআয়ুক্ত ড: ধ্রুবজ্যোতি হাজারিকা উপস্থিত ছিলেন । বৈঠকে শ্রী রাই সরকারের সব প্রকৃত হিতাধিকারীদের শীঘ্র রেশন কার্ড প্রদান প্রক্রিয়া সম্পন্ন করার প্রতিশ্রুতির কথা উল্লেখ করে তিনি পড়ে থাকা আবেদনপত্রগুলির বর্তমান অবস্থা সম্পর্কে অবগত হয়ে প্রদান প্রক্রিয়া দ্রুত করার বিষয় নিয়ে আলোচনা করেন । মন্ত্রী সমাজের সুবিধাবঞ্চিত লোকেদের এই রেশন কার্ড প্রদানের জন্য যাবতীয় প্রক্রিয়া যাতে সচ্ছ ও সুষ্ঠু হয় তার প্রতি গুরুত্ব আরোপ করেন । মন্ত্রী আবেদন প্রক্রিয়া সহজ করা , জনসচেতনতা বৃদ্ধি এবং নতুন রেশন কার্ড বিতরণের সুষ্ঠু বাস্তবায়নের জন্য নির্দেশ দেন ।শ্রী রাই জেলা প্রশাসন সহ সংশ্লিষ্ট সকলের এক্ষেত্রে প্রচেষ্টার প্রশংসা করে একটি কার্যকর গনবন্টন ব্যবস্থা গড়ে তুলতে সকলকে একযোগে কাজ করে যেতে আহ্বান জানান ।

---

কাছাড় জেলার মেধাবী ছাত্রছাত্রীদের মধ্যে আনন্দরাম বরুয়া পুরস্কারের অধীনে নগদ অর্থ ও ডঃ বাণীকান্ত কাকতি মেধা পুরস্কারের অধীনে স্কুটি এবং মুখ্যমন্ত্রীর বিশেষ প্রকল্পের অধীনে সাইকেল বিতরণ কার্যসূচীর সূচনা করা হয় ।বরাক উপত্যাকা উন্নয়ন দপ্তরের মন্ত্রী কৌশিক রাই গতকাল শিলচরের গান্ধী মেলার মাঠে আয়োজিত এক অনুষ্ঠানে এই কার্যসূচীর সূচনা করেন ।কাছাড় জেলায় এবছর বাণীকান্ত কাকতি মেধা পুরস্কারের অধীনে ১ হাজার ৮১৪ জনকে স্কুটি , আনন্দরাম বরুয়া পুরস্কারের অধীনে ১ হাজার ২২৯ জন শিক্ষার্থীর মধ্যে নগদ অর্থ এবং ২০ হাজার ৬১ জন ছাত্রছাত্রীদের মধ্যে সাইকেল বিতরণ করা হচ্ছে ।গতকাল অনুষ্ঠানিকভাবে কয়েকজন শিক্ষার্থীর হাতে এই পুরস্কার তুলে দেওয়া হয় । অনুষ্ঠানে জেলা আয়ুক্ত মৃদুল যাদব , পুলিশ সুপার নুমাল মাহাতো ,বিধায়ক দিপায়ন চক্রবর্তী , মিহিরকান্তি সোম , নিহার রঞ্জন দাস প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

শ্রীভূমি জেলায়ও গতকাল মেধাবী ছাত্রছাত্রীদের মধ্যে আনন্দরাম বরুয়া পুরস্কার , বাণীকান্ত কাকতি মেধা পুরস্কার প্রদান করা হয় ।শহরের নীলমণি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্যের পশুপালন ও পশু চিকিৎসা তথা মৎস্য বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আনন্দরাম বরুয়া পুরস্কারের অধীনে ১২ হাজার ৫০০ টাকার চেক ,বাণীকান্ত কাকতি পুরস্কারের অধীনে স্কুটি এবং সরকারী বিদ্যালয়ের নবম শ্রেণীর ছাত্রছাত্রীদের মধ্যে সাইকেল বিতরণ

কার্যসূচীর সূচনা করেন ।গতকাল আনুষ্ঠানিকভাবে ৫ জন ছাত্রছাত্রীর হাতে এই পুরস্কার তুলে দেওয়া হয় ।উল্লেখ্য এবছর শ্রীভূমি জেলায় ১২ হাজার ১২৬ জন ছাত্রছাত্রীকে সাইকেল , ডঃ বাণীকান্ত কাকতি পুরস্কার হিসেবে মোট ১ হাজার ৯৩০ জনকে স্কুটি এবং হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষায় ৭৫ শতাংশ বা তার বেশী নম্বর প্রাপ্ত ৮৪৮ জন ছাত্রছাত্রীকে ১২ হাজার ৫০০ টাকা করে প্রদান করা হচ্ছে ।অনুষ্ঠানে বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ , বিজয় মালাকার প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

হাইলাকান্দি জেলার বোয়ালিপারের শশীভূষণ ইন্স্টিটিউট অব এডুকেশন প্রাঙ্গনে জেলা প্রশাসনের উদ্যোগে আজ থেকে তিনদিন ব্যাপী সরকারী অনুদান বন্টন করা হবে ।এই কর্মসূচীর অধীনে আজ প্রথমদিনে শিক্ষার্থীদের মধ্যে আনন্দরাম বরুয়া পুরস্কার হিসেবে ল্যাপটপ , ডঃ বাণীকান্ত কাকতি পুরস্কার হিসেবে স্কুটি এবং নবম শ্রেণীর ছাত্রছাত্রীদের মধ্যে সাইকেল বিতরণ করা হবে ।রাজ্যের খাদ্য ও অসামরিক সরবরাহ তথা বরাক উপত্যাকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই শিক্ষার্থীদের হাতে এই পুরস্কার তুলে দেবেন ।অনুরূপভাবে আগামীকাল রেশন কার্ড বন্টন করা হবে এবং আগামী সোমবার পশুপালন ও মৎস্য বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আত্মসহায়ক গোষ্ঠির সদস্যদের মধ্যে অনুদান বন্টন করবেন ।

---

---